# Times Today BD

তৌহিদুল ইসলাম | চট্টগ্রাম | 24 April, 2025

চকরিয়া-লামা সীমান্ত এলাকার পাহাড়ে বন্যহাতির আক্রমনে ঝর্ণা আক্তার (৩২) নামের এক নারী শ্রমিক নিহত হয়েছে।

বৃহস্পতিবার (২৪ এপ্রিল) সকাল সাড়ে ১০টার দিকে পার্বত্য জেলা বান্দরবানের লামা উপজেলার ইয়াংছার খিলকাটা এলাকায় এই ঘটনা ঘটে।

নিহত ঝর্ণা আক্তার কক্সবাজারের চকরিয়া উপজেলার ফাঁসিয়াখালী ইউনিয়নের ৫নং ওয়ার্ডের ঘুনিয়া এলাকার সাবের আহম্মদের স্ত্রী।

স্থানীয় ইউপি সদস্য মো.জমির উদ্দিন বলেন, ঝর্ণা আক্তার ইয়াংছা এলাকায় একটা ফলের বাগানে কাজ করতো।কাজ শেষে বাড়ি ফেরার পথে দলছুট এক বন্য হাতির সামনে পড়ে যায় ঝর্ণা আক্তার।ওইসময় বন্যহাতি ওকে শুড় দিয়ে আছাড় দিলে ঘটনাস্থলে তিনি মারা যান।বন বিভাগের লোকজন স্থানীয়দের সহায়তায় ঝর্ণা আক্তারের মরদেহ উদ্ধার করেছে।লাশ দাফনের ব্যবস্থা চলছে।

বনবিভাগের ফাঁসিয়াখালীর রেঞ্জের রেঞ্জ কর্মকর্তা মেহেরাজ উদ্দিন বলেন, ঘটনাস্থলটি পার্বত্য জেলা বান্দরবানের লামা উপজেলার বনবিভাগের অধীন।তাই লামা বন বিভাগের কর্মকর্তারা বিষয়টি দেখভাল করছেন।

হাতি নিহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 13:48

URL: https://www.timestodaybd.com/public/chittagong/7758071382